# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৬৭

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৫. তায়াম্মুম করা

بَابُ التَّيمُّمِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَقَ حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ نَافِعٍ عَنْ اللَّيْثِ بْنِ سَعْدٍ عَنْ بَكْرِ بْنِ سَوَادَةَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ خَرَجَ رَجُلَانِ فِي سَفَرٍ فَحَضَرَتْهُمَا الصَّلَاةُ وَلَيْسَ مَعَهُمَا مَاءٌ فَتَيَمَّمَا صَعِيدًا طَيِّبًا فَصَلَّيَا ثُمَّ وَجَدَا الْمَاءَ بَعْدُ فِي الْوَقْتِ فَأَعَادَ أَحَدُهُمَا الصَّلَاةَ بِوُضُوءٍ وَلَمْ يُعِدْ الْآخَرُ ثُمَّ أَتَيَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرَا ذَلِكَ فَقَالَ لِلَّذِي لَمْ يُعِدْ أَصَبْتَ السُّنَّةَ وَأَجْزَتْكَ صَلَاتُكَ وَقَالَ لِلَّذِي تَوَضَّأَ وَأَعَادَ لَكَ الْأَجْرُ مَرَّتَيْنِ

إسناده حسن

বাংলা

৭৬৭. আবু সাঈদ আল খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, দু’ব্যক্তি কোনো এক সফরে বের হলো। এরপর সালাতের সময় উপস্থিত হলো, কিন্তু তাদের সাথে কোনো পানি ছিল না। তখন তারা উভয়ে পবিত্র মাটি দ্বারা তায়াম্মুম করলো এবং সালাত আদায় করলো। এরপর সালাতের ওয়াক্ত পার হওয়ার পর তারা পানি পেলো। ফলে তাদের মধ্যেকার একজন ওযু করে পুনরায় সালাত আদায় করলো, কিন্তু অপর জন তা পুনরায় আদায় করলো না। তারপর তারা উভয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট এসে এ ঘটনা উল্লেখ করলো। তখন যে লোকটি সালাত পুনরায় আদায় করেনি, তাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: “তুমি সুন্নাতকে গ্রহণ করেছো এবং তোমার এ সালাত তোমার জন্য যথেষ্ট হয়েছে।” আর যে ওযু করে পুনরায় সালাত আদায় করেছিলো, তিনি তাকে বললেন: “তোমার জন্য রয়েছে দ্বিগুণ সাওয়াব।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান, আব্দুল্লাহ ইবনু নাফি’ এর কারণে।

তাখরীজ: আবুদাউদ ৩৩৮; নাসাঈ ৪৩৩; দারুকুতনী ১/১৮৯; বাইহাকী ১/২৩১; এটি ইবনু লাহিয়া ও লাইছের কাতিব আব্দুল্লাহ ইবনু সালিহ -এ দু’জনের সূত্রে মুরসাল হিসেবে বর্ণিত হয়েছে। আর এ দু’জনই যয়ীফ।

আর শাহিদ আয়িশা রা: বর্ণিত হাদীস যা এর মানকে সমুন্নত করে, তা সামনে ৭৭৩ নং এ আসছে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76144

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন